

# গাছ


বিপ্রদাশ বড়ুয়া

ছবি : প্রব এষ



বাংলাপ্রকাশ  
BANGLAPRAKASH





আমাদের বাড়ির উত্তর দিকে সলিয়ার মা বুড়ির ছোটো ভিটে। ওর ভিটের উত্তর পাশে ইছামতী নদী। বুড়ির দুই মেয়ে সলিয়া ও অলিয়া। অনেক আগে ওদের বিয়ে হয়ে গেছে। বুড়ির কোনো ছেলে নেই। তাই একা থাকে। তার ছোটো ভিটেয় অনেক অনেক গাছ। সেই গাছে সারা বছর কোনো না কোনো ফল ও ফুল থাকে।



আম গাছ

অনেক গাছের নাম আমি জানি না। বুড়ি সব গাছের নাম জানে। তার মধ্যে একটি নারকেলি কুল, একটি লেংড়া আম ও একটি গাবগাছ আমার খুব প্রিয় ছিল। বুড়ি আমাকে কুল ও গাব দিত। মাঘ মাসে কুল পাকে। বোশেখ মাসে গাবগাছে নতুন লালচে পাতা আসে। তারপর ফুল ও ফল হয়।

ঠিক দুপুরে আমাদের প্রাইমারি স্কুল ছুটির সময়। তখন ছেলেরা চুপি চুপি

বুড়ির ভিটেয় ঢুকে পড়ে। বুড়ি তখন দুপুরের ভাত খায়নি। ওর খোলা পুবের বারান্দায় বসে বসে কুল পাহারা দেয়। আর ঝিমোয়। তখন দুটি ছেলে ঢুকে উঠোনে এসে পড়েছে। এমন সময় বাইরে থেকে একটি ছেলে ডাক দিল, ‘সলিয়ার মায়ের ঘোড়া আসছে, ঘোড়া আসছে।’

বুড়ির কোনো ঘোড়া নেই। আমরা শুনতাম বুড়ির গাবগাছে ঘোড়া-ভূত আছে। রাত-বিরেতে দেখা যায়। সবাই বলে গাব, তেঁতুল ও তালগাছে ভূত



কলা গাছ

